



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)
৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.bscic.gov.bd

মুজিববর্ষের দর্শন
টেকসই শিল্পায়ন

নং- ৩৬.০২.০০০০.০০৩.১১.০৫১.২২. ৮৫৫৬

তারিখ : ০৯ মাঘ ১৪৩০
২৩ জানুয়ারি ২০২৪

অফিস আদেশ

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনের (বিসিক) রাজস্ব খাতের ১৪তম গ্রেডের ০১ (এক) টি শূন্যপদ পূরণের লক্ষ্যে বিভাগীয় নিয়োগ ও পদোন্নতি কমিটি (ডিপিসি)-০২ এর ২০/০৬/২০২৩ খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার সুপারিশ ও বিসিক পরিচালনা পর্ষদের ১৯/১০/২০২৩ খ্রি. তারিখ অনুষ্ঠিত ৮০৫তম সভার সিদ্ধান্তক্রমে নিম্নবর্ণিত প্রার্থীকে তার নামের পার্শ্বে উল্লিখিত পদ ও জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী এবং নিম্নোক্ত শর্তে অস্থায়ীভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক নং	রোল নম্বর	নাম ও স্থায়ী ঠিকানা	নিয়োগকৃত পদের নাম	বেতন স্কেল ও গ্রেড
০১।	৩৩০০০০৩৭	জনাব মোঃ মাহাবুবুর রহমান পিতা: গোলাম আকবর মোল্লা মাতা: মোছাঃ সুফিয়া বেগম বাসা/হোশিং: ২৫৬ গ্রাম/রাস্তা: শ্রীমন্তপুর ডাকঘর: হাজীপুর-৭৬০০, মাগুরা সদর, মাগুরা।	ক্যাশিয়ার	টাকা-১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪)

০২। শর্তাবলী:

- ক) বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৯ এর দ্বিতীয় অধ্যায়ের প্রবিধান নং ৬ এর উপ-প্রবিধান (১) অনুযায়ী, "সরাসরিভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির ছয় মাসের জন্য শিক্ষানবিস থাকিবেন, তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ, কারণ লিপিবদ্ধ করিয়া, যে কোন ব্যক্তির ক্ষেত্রে উক্ত মেয়াদ অনূর্ধ্ব ছয় মাসের জন্য বৃদ্ধি করিতে পারিবে"।
- খ) উক্ত প্রবিধান নং ৬ এর উপ-প্রবিধান (২) অনুযায়ী, "কোন ব্যক্তিকে কোন পদে স্থায়ী করা হইবে না, যদি না তিনি সন্তোষজনকভাবে শিক্ষানবিস মেয়াদ সমাপ্ত করিয়া থাকেন এবং বোর্ড কর্তৃক সময় সময় নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় (যদি থাকে) পাশ করেন এবং নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) গ্রহণ করিয়া থাকেন"।
- গ) পরিচালক (প্রশাসন), বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক), বিসিক ভবন, ৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ বরাবর প্রার্থীর স্বাক্ষরিত যোগদানপত্রের সাথে নিম্নবর্ণিত সনদ/দলিলপত্রসমূহ (মূল ও অনুলিপি ০১ সেট) দাখিল করতে হবে, অন্যথায় যোগদানপত্র গ্রহণযোগ্য হবে না:


- ১) স্থায়ী বাসভূমি ও গোপনীয়তা বজায় রাখার অঙ্গীকারপত্র (বিসিকের ওয়েবসাইট www.bscic.gov.bd এ নমুনা পাওয়া যাবে) ৩০০/-টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প. যোগদান পত্রের সাথে দাখিল করতে হবে;
- ২) সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত শারীরিক যোগ্যতার প্রত্যয়নপত্র;
- ৩) নিজ হাতে যথাযথভাবে পূরণকৃত পুলিশ প্রতিবেদন ফর্ম (দুই কপি);
- ৪) সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);
- ৫) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);

- ৬) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);
- ৭) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
- ৮) সকল অভিজ্ঞতা সনদের অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ৯) প্রযোজ্য ক্ষেত্রে এতিম ও শারীরিক প্রতিবন্ধি, মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যদের কোটাসহ অন্যান্য সকল কোটার স্বপক্ষে সনদপত্র ও গেজেটেড নোটিফিকেশনের সত্যায়িত কপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);
- ঘ) বেতন-ভাতাদি ও অন্যান্য সুবিধা সময়ে সময়ে জারিকৃত সরকারি সিদ্ধান্ত অনুসারে হালনাগাদ করা হবে।
- ঙ) বাংলাদেশের যে কোন স্থানে কাজ/দায়িত্ব পালনে সম্মত থাকতে হবে।
- চ) যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৩। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত কোন তথ্য অসত্য বা দাখিলকৃত কোন সনদ ভুয়া/জাল প্রমাণিত হলে প্রার্থীর নিয়োগ যেকোন সময় বাতিল করা হবে।

০৪। উপরিউক্ত শর্তাবলী প্রতিপালনে সম্মত হলে আগামী ০১.০২.২০২৪ তারিখ সকাল ৯:০০ টায় পরিচালক (প্রশাসন), বিসিক, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। উল্লিখিত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৫। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারি করা হলো।


(শ্যামলী নবী) ২৩/১/২৪
পরিচালক (প্রশাসন)

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক), ঢাকা